# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১০৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এই নির্দেশ ফরয নির্দেশক; মুস্তাহাব নির্দেশক নয় মর্মে চতুর্থ হাদীস

ذِكْرُ خَبَرٍ خَامِسٍ يَدُلُّ عَلَى أَنَّ هَذَا الْأَمْرَ أَمْرُ فَرِيضَةٍ لَا فَضِيلَةٍ

আরবী

2106 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا حَوْثَرَةُ بْنُ أَشْرَسَ الْعَدَوِيُّ قَالَ: حَدَّثَنَا عُقْبَةُ بْنُ أَبِي الصَّهْبَاءِ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ أَبِيهِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ فِي نَفَرٍ مِنْ أَصْحَابِهِ فَقَالَ: (أَلَسْتُمْ تَعْلَمُونَ أَنِّي رَسُولُ اللَّهِ إِلَيْكُمْ؟ ) قَالُوا: بَلَى نَشْهَدُ أَنَّكَ رَسُولُ اللَّهِ قَالَ: (أَلَسْتُمْ تَعْلَمُونَ أَنَّهُ مَنْ أَطَاعَنِي فَقَدْ أَطَاعَ اللَّهَ وَمِنْ طَاعَةِ اللَّهِ طَاعَتِي؟ ) قَالُوا: بَلَى نَشْهَدُ أَنَّهُ مَنْ أَطَاعَكَ فَقَدْ أَطَاعَ اللَّهَ وَمِنْ طَاعَةِ اللَّهِ طَاعَتُكَ قَالَ: (فَإِنَّ مِنْ طَاعَةِ اللَّهِ أَنْ تُطِيعُونِي وَمِنْ طَاعَتِي أَنْ تُطِيعُوا أُمَرَاءَكُمْ وَإِنْ صَلُّوا قُعُودًا فَصَلُّوا قعوداً)

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2106 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 122).

বাংলা

২১০৬. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার তাঁর একদল সাহাবীদের মাঝে ছিলেন, তখন তিনি বলেন, “তোমরা কি জানো না যে, আমি তোমাদের প্রতি প্রেরিত রাসূল?” সাহাবীগণ জবাব দিলেন, “জ্বী, হ্যা। আমরা সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই আপনি আল্লাহর রাসূল।” তিনি বলেন, “তোমরা কি জানো না যে, যে ব্যক্তি আমার অনুসরণ করলো, সে আল্লাহরই অনুসরণ করলো এবং আল্লাহর অনুসরণের অন্তর্ভুক্ত হলো আমার অনুসরণ?” তারা জবাব দিলেন, “জ্বী, হ্যা। আমরা সাক্ষ্য দিচ্ছি যে, যে ব্যক্তি আপনার অনুসরণ করলো, সে আল্লাহরই অনুসরণ করলো এবং আল্লাহর অনুসরণের অন্তর্ভুক্ত হলো আপনার অনুসরণ।”

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই আল্লাহর অনুসরণের অন্তর্ভুক্ত হলো তোমরা আমার অনুসরণ করবে। আর আমার অনুসরণের অন্তর্ভুক্ত হলো তোমরা তোমাদের শাসকদের অনুসরণ করবে। আর যদি তারা বসে সালাত আদায় করে, তবে তোমরাও বসে সালাত আদায় করবে।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৯৩; তাবারানী আল কাবীর: ১৩২৩৮; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৪০৪; মাজমা‘উয যাওয়াইদ: ২/৬৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/১২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91424

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন